

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।


স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(৯৬)/২০১৭/ ৬৬৬

তারিখঃ ০৬-০৮-২০২৩

### জরুরী বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬৯তম ব্যাচের শিক্ষার্থী খালিদ সাইফুল্লাহ দুরারোগ্য ব্যাধি-মারকোনা ক্যান্সারে আক্রান্ত হওয়ায় তাঁর চিকিৎসার সাহায্যের জন্য সাধারণ শিক্ষার্থীদের পক্ষে কৃষিতত্ত্ব বিভাগের এমএস ২য় সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থী তানভীর আহমাদ, রেজি. নং: ১৭-০৭৯০৫ একটি আবেদন করেছেন। আবেদনের সাথে কৃষি অনুষদের লেভেল-২ সেমিস্টার-১/২১, লেভেল-২ সেমিস্টার-২/২০, লেভেল-৩ সেমিস্টার-১/২০, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের লেভেল-৪ সেমিস্টার-২/২১, লেভেল-৩ সেমিস্টার-২/২১, লেভেল-৩ সেমিস্টার-১/২২, লেভেল-১ সেমিস্টার-১/২১, ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদের লেভেল-২ সেমিস্টার-১/২০, লেভেল-৩ সেমিস্টার-১/২১ এবং এগ্রিকালচারাল ইকোনমিক্স প্রোগ্রামের লেভেল-৩ সেমিস্টার-১/২১ ও লেভেল-৪ সেমিস্টার-১/২১ এর সর্বমোট ৭৭৭ জন শিক্ষার্থীর নামের পাশে স্বাক্ষর ও বৃত্তি হতে কর্তনের পরিমাণ উল্লেখ রয়েছে। আবেদনের সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত লেভেল ও সেমিস্টারের শিক্ষার্থীদের স্বাক্ষর ও কর্তনের পরিমাণের বিষয়ে কোন শিক্ষার্থীর আপত্তি থাকলে আগামী ০৯-০৮-২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ের শিক্ষা ও বৃত্তি শাখায় অবহিত করার জন্য বলা হলো। অন্যথায় প্রদত্ত স্বাক্ষর ও বৃত্তি কর্তনের পরিমাণ স্ব-স্ব শিক্ষার্থীর সম্মতিতে প্রদান করা হয়েছে বিবেচনায় নিয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,



(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলপি প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (আইসিটি), শেকৃবি, ঢাকা (শেকৃবি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ২। জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি, ঢাকা (প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৩। পিএস টু ভিসি ( ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৪। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৫। পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৬। পিএ টু রেজিস্ট্রার, শেকৃবি, ঢাকা
- ৭। অফিস নথি/মহানথি